

চারঘাট পৌরসভা কার্যালয়
চারঘাট, রাজশাহী।
নিরীক্ষা প্রতিবেদন(Auditor's Report)

চারঘাট পৌরসভার ২০১৭-২০১৮ সালের আয় ও ব্যয় ১২/০৮/২০১৮ তারিখ থেকে ১৪/০৮/২০১৮ তারিখ পর্যন্ত নিরীক্ষা করা হয়।

আয় : চারঘাট পৌরসভার ২০১৭-২০১৮ অর্থ বছরের আয় পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই বাছাই করা হয়। প্রথমে সকল আয় সঠিকভাবে জমাকরণ নিশ্চিত করা হয়। নথি পর্যালোচনা করে দেখা যায় আয় সঠিকভাবে জমা করা হয়েছে। কিন্তু বছর শেষে হিসাব রক্ষক জনাব এমএস আসাদ উজ্জামান এর নিকট ১০০৯৫ টাকা, কোষাধ্যক্ষ জনাব মীর মোতাকাবেবর মুন্সির নিকট ২৬২৭১ টাকা এবং মোসাঃ নাসরিন খাতুনের নিকট ১৪৭৫০ টাকা সহ মোট ৫১,১১৬.০০ টাকা ৩০ জুন ২০১৮ তারিখের মধ্যে জমা হয়নি। যা হিসাব রক্ষন বিধিমালার পরিপন্থী। এটাকা দ্রুত জমা করা দরকার। সেই সাথে ২০১৬-২০১৭ অর্থ বছরে আয় হয়েছিল ১ কোটি ২৭ (সাতাশ) লক্ষ টাকা মাত্র এবং ২০১৭-২০১৮ অর্থ বছরে ১(এক) কোটি ৪৫ (পয়তাল্লি) লক্ষ ৪০ (চল্লিশ) হাজার টাকা নীট আয় হয়েছে। আয় বৃদ্ধির হার ১১.৪১% যা সন্তোষজনক। তবে সকল খাতে আয় বৃদ্ধি পেলেও রোড রোলার ও নক্সা অনুমোদন খাতে আয় আশানুরূপ হয়নি এবং রিক্সা ভ্যান এর লাইসেন্স খাতে কোন আয় হয়নি। যা কঙ্জিত নয়। পৌরকর খাতে আয় অনেক বৃদ্ধি পেয়েছে। আদায়ের হার ৯০.৬৬%।

মতামত : আয় বৃদ্ধির জন্য সচিবসহ সকল কর্মকর্তা ও কর্মচারীদের ধন্যবাদ জানানো হয়। সেই সাথে রোড রোলার ও নক্সা অনুমোদন খাতের আয় কম হওয়ার জন্য সহকারী প্রকৌশলীকে এবং বিক্সা ভ্যানের লাইসেন্স খাতে আয় বৃদ্ধির জন্য লাইসেন্স শাখাকে আরো সক্রিয় ভাবে কাজ করার জন্য অনুরোধ করা হয়। নিয়মিত আদায়কৃত টাকা ব্যাংকে জমা করার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করা হল।

ব্যয় : চারঘাট পৌরসভার ২০১৭-২০১৮ অর্থ বছরের ব্যয় পুঙ্খানুপুঙ্খ ভাবে যাচাই বাছাই করা হয়। ২০১৭-১৮ অর্থ বছরের মোট ব্যয় ১ কোটি ৯২ লক্ষ টাকা মাত্র। আয়ের চেয়ে ব্যয় অনেক বেশী হয়েছে। তবে সংশোধিত বাজেট মোতাবেক অধিকাংশ ব্যয় করা হয়েছে। ব্যয়ের বিল ভাউচার সঠিকভাবে সংরক্ষন করা হয়েছে। বর্তমানে চারঘাট পৌরসভার কোন দায় দেনানাই। কর্মকর্তা ও কর্মচারীদের বেতনভাতাদি, প্রভিডেন্ডফান্ড, গ্রাচুইটিসহ টেলিফোন বিল, বিদ্যুৎ বিল নিয়মিত পরিশোধ করা হচ্ছে। যা একটি প্রতিষ্ঠানে আর্থিক সক্ষমতা প্রমান করে। ইতোমধ্যে ইউজিআইআইপি-৩ প্রকল্পের শর্ত মোতাবেক প্রাপ বাস্তবায়নের হার শতভাগ গ্যাপ বাস্তবায়নের হার শত ভাগ এবং অপারেশন এন্ড মেইনটেনেন্স খাতে ব্যয় শতভাগ যা প্রকল্পের শর্তের শতভাগ বাস্তবায়ন। ইতোমধ্যে চারঘাট পৌরসভা ইউজিআইআইপি-৩ প্রকল্পের ২য় পর্যায়ে কাজ চলমান। আশাকরা যায় ইউজিআইআইপি-৩ প্রকল্পে আমরা ৩য় পর্যায়ে উন্নীত হব। ব্যয়ের ক্ষেত্রে আর্থিক সাহায্য, জ্বালানী খরচ, বিদ্যুৎবিল, পানির পাম্পের বিদ্যুৎ বিল বাজেট মোতাবেক করা হয়েছে। তারপরও আয়ের চেয়ে ব্যয় অনেক বেশী হয়েছে। এভাবে আয়-ব্যয়ের বেশী হলে পৌরসভার দায় দেনার ভার হতে মুক্ত থাকতে পারবে না। ইতোমধ্যে বিএমডিএফএর শত ভাগ ঋন পরিশোধ করা সম্ভব হয়নি। রাজস্ব আয় ব্যয় সমন্বয় করে অফিস পরিচালনার জন্য মেয়র, পরিষদ, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে ধন্যবাদ জানানো হয়।

মতামত : আয় বুঝে ব্যয় করে পৌরসভাকে সাবলম্বী করে দায় দেনা মুক্ত রাখার জন্য মেয়র মহোদয়কে ধন্যবাদ জানানো হয়। সেই সাথে আর্থিক সাহায্য খাতে ব্যয় আরো স্বচ্ছ ও কম করার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করা হয়। বিল ভাউচার সঠিক ভাবে সংরক্ষন ও উপস্থাপনের জন্য সচিব ও হিসাব রক্ষক কে ধন্যবাদ জানানো হয়।

অডিট আপত্তি : নথি পর্যালোচনা করে দেখা যাচ্ছে পৌরসভা ১৯৯৮ সালে প্রতিষ্ঠা লাভ করার পর হতে অদ্যাবদি যত অডিট আপত্তিছিল তা প্রায় শতভাগ নিস্পত্তি করা হয়েছে। বাকী অডিট আপত্তি নিস্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহন করার জন্য মেয়র মহোদয় সহ সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীদেরকে অনুরোধ করা হয়।

তারিখ : ১৬/০৮/২০১৮ খ্রিঃ।

(মোঃ আবুবকর আলী)
অডিট এ্যান্ড একাউন্টস স্থায়ী কমিটি ও
০২ নং ওয়ার্ড কাউন্সিল, চারঘাট পৌরসভা, রাজশাহী।
/নিরীক্ষ-১৬/